অনুবাদ ২০১৯/৮-৯



# বাংলাদেশের প্রত্যেক চিকিৎসা মহাবিদ্যালয় ও জেলা আধুনিকীকরণ সদর হাসপাতাল সংলগ্ন সেবিকা প্রশিক্ষণ কেন্দ্রে নার্সিং প্রশিক্ষণের জন্য ছাত্রী

# ভর্তির বিজ্ঞপ্তি

## ভর্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতা নিম্নে পেশ করা হইল ঃ—

(ক) বয়সসীমা ১৬ বছর হইতে ২৫ বছরের মধ্যে হইতে হইবে।

(খ) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ঃ-বাংলাদেশ মাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে এস,এস,সি পাস অথবা সমতুল্য সার্টিফিকেটপ্রাপ্ত হইতে হইবে।

(গ) অবিবাহিত/বিত্তবনাহীন বিধবা হইতে হইবে।

(ঘ) শারীরিক ও মানসিক সুস্থতা থাকিতে হইবে।

(ঙ) বাংলাদেশের নাগরিক হইতে হইবে এবং স্থানীয় চেয়ারম্যান-এর নিকট হইতে বাংলাদেশের নাগরিকত্ব সার্টিফিকেট প্রদান করিতে হইবে।

(চ) ১৯৮০-৮১ সালে যাঁহারা এস,এস,সি পরীক্ষায় পাস করিয়াছেন এবং যাঁহারা ১ম ও ২য় বিভাগে পাস করিয়াছেন তাহাদের অগ্রাধিকার দেওয়া হইবে।

(ছ) ১৯৭৬ সালের আগে যাঁহারা এস,এস,সি বা সমতুল্য পরীক্ষায় পাশ করিয়াছেন তাহাদের দরখাস্ত গ্রহণযোগ্য নহে।

(জ) এস,এস,সি সার্টিফিকেট ও মার্কশীটের সত্যায়িত কপিসহ দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটো দরখাস্তের সহিত পেশ করিতে হইবে।

সর্বশেষ যোগদানকৃত বিদ্যালয়ের প্রধান শিক্ষকের/শিক্ষয়িত্রীর নিকট হইতে চরিত্রগত সার্টিফিকেট-এর সত্যায়িত অনুলিপি দরখাস্তের সহিত সংযোজন করিতে হইবে।

দরখাস্তের ফরম বাংলাদেশের সকল মেডিক্যাল কলেজ হাসপাতাল সংলগ্ন সেবিকা প্রশিক্ষণ কেন্দ্র ও আধুনিকীকরণ জেলা হাসপাতাল সংলগ্ন সেবিকা প্রশিক্ষণ কেন্দ্র হইতে সংগ্রহ করিতে হইবে। প্রতিফরমের জন্য ১০ (দশ) টাকা জমা দেওয়ার পর উক্ত কেন্দ্র হইতে রসিদ গ্রহণ করিতে হইবে। সাক্ষাৎকারের সময় (interview) উক্ত রসিদ দাখিল করিতে হইবে। প্রশিক্ষণ চলাকালীন নিরাপত্তা বিধান বিষয়ক অর্থ বাবদ প্রতিমাসে ১০ (দশ) টাকা করিয়া মাসিক ভাতা হইতে কর্তন করা হইবে। চার বৎসর মেয়াদী ট্রেনিং সমাপ্ত করার পর উহা ফেরতযোগ্য বলিয়া বিবেচিত হইবে। প্রশিক্ষণ বাতিল করা বা স্বেচ্ছায় প্রশিক্ষণ ত্যাগ করিলে উক্ত অর্থ বাজেয়াপ্ত বলিয়া গণ্য হইবে এবং উহা সেবিকাদের কল্যাণ তহবিলে জমা দেওয়া হইবে।

যাহারা নার্সিং হোস্টেলে থাকিবে, তাহাদিগকে প্রতিমাসে ন্যূনতম অগ্রিম ১৫০ (একশত পঞ্চাশ) টাকা খাবারের জন্য দিতে হইবে।

সরকার কর্তৃক যাহাদের বাসস্থান দেওয়া সম্ভব হইবে না, তাহাদিগকে নিজ নিজ দায়িত্বে থাকা ও খাওয়ার এবং যাতায়াতের ব্যবস্থা করিতে হইবে।

নার্সিং কাউন্সিলের বিধি অনুযায়ী প্রশিক্ষণ চলাকালীন সময়ে কেহ বিবাহসূত্রে আবদ্ধ হইতে পারিবেন না। যদি বিবাহ করিয়াছেন বলিয়া প্রমাণিত হয় তবে তাহার ছাত্রীত্ব বাতিল বলিয়া গণ্য করা হইবে।

প্রশিক্ষণ চলাকালীন অন্য কোন উচ্চতর শিক্ষায় লিপ্ত হইতে পারিবেন না। কেহ লিপ্ত আছেন বলিয়া প্রমাণিত হইলে তাহার ছাত্রীত্ব বাতিল বলিয়া গণ্য করা হইবে।

### প্রশিক্ষণের জন্য ভর্তির স্থান

(ক) মেডিক্যাল কলেজ হাসপাতাল সংলগ্ন সেবিকা প্রশিক্ষণ কেন্দ্র (১) ঢাকা, (২) ময়মনসিংহ, (৩) চট্টগ্রাম, (৪) সিলেট, (৫) রাজশাহী, (৬) রংপুর, (৭) স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা, (৮) শেরে-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতাল, বরিশাল।

(খ) আধুনিকীকরণ সদর হাসপাতাল সংলগ্ন সেবিকা প্রশিক্ষণ কেন্দ্র (১) দিনাজপুর, (২) মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া, (৩) পাবনা, (৪) ফরিদপুর, (৫) যশোহর (৬) কুষ্টিয়া, (৭) খুলনা, (৮) পটুয়াখালী, (৯) নোয়াখালী, (১০) কুমিল্লা, (১১) টাংগাইল, (১২) রাঙ্গামাটি।

### প্রশিক্ষণকালীন দেয় ভাতার হার

| | |
|---|---|
| (ক) ১ম বর্ষ | ২৭৫ টাকা প্রতি মাসে। |
| (খ) ২য় বর্ষ | ২৮৫ টাকা প্রতিমাসে। |
| (গ) ৩য় বর্ষ | ২৯৫ টাকা প্রতিমাসে। |
| (ঘ) ৪র্থ বর্ষ | ৩০৫ টাকা প্রতিমাসে। |

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা... .. ... ... কলাম ... ... ...

### সাফল্যের সহিত প্রশিক্ষণ সমাপ্তির পর সরকারী চাকরির সুযোগ-সুবিধাদি নিম্নরূপ

| | | |
|---|---|---|
| ১। | সিনিয়র স্টাফ নার্স | ৪২৫—১০৩৫ টাকা, তৎসহ অন্যান্য সুবিধাদি। |
| ২। | সিনিয়র সিস্টার | ৪৭০—১১৩৫ ,, ,, |
| ৩। | সিস্টার টিউটর।মেট্রন জুনিয়র।ওটি সুপার ভাইজার।ইন্সট্রাক্টর। | ৬২৫—১৩১৫ ,, ,, |
| ৪। | সহকারী পরিচালক।লেকচারার | ৭৫০—১৪৭০ ,, ,, |
| ৫। | মেট্রন সিনিয়র।অধ্যক্ষ, নার্সিং স্কুল।প্রজেক্ট অফিসার। | ১১৫০—১৮০০ ,, ,, |
| ৬। | উপ-পরিচালক।অধ্যক্ষ, কলেজ অব নার্সিং।প্রকল্প পরিচালক। | ১৪০০—২২২৫ ,, ,, |

আবেদনকারিণীর স্বহস্তে লিখিত দরখাস্তের সহিত দুই কপি গেজেটেড অফিসার দ্বারা সত্যায়িত ফটো, প্রার্থীর নাম।পিতার নাম।স্থায়ী ও অস্থায়ী ঠিকানা।জন্ম তারিখ। শিক্ষাগত যোগ্যতা।জাতীয়তা।বৈবাহিক মর্যাদা।ধর্ম ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

ইহা ছাড়া শিক্ষাগত যোগ্যতা ও প্রশংসাপত্রের অনুলিপি যেকোন সরকারী গেজেটেড অফিসার দ্বারা সত্যায়িত করিয়া নিম্নোক্ত ভিত্তিকরূপে দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১৭ই অক্টোবর ৮১ তারিখ-এর মধ্যে স্ব স্ব বিভাগভিত্তিক মেডিক্যাল কলেজ হাসপাতাল এবং আধুনিক সদর হাসপাতাল সংলগ্ন সেবিকা প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ।সিস্টার টিউটর ইনচার্জ এর অফিসে প্রেরণ করিতে হইবে।

সাক্ষাৎকার গ্রহণের জন্য যাতায়াত বাবদ কোন ভ্রমণ ভাতা দেওয়া হইবে না।

সাক্ষাৎকার গ্রহণের সময় মূল সব সার্টিফিকেট ও টেস্টিমোনিয়াল বোর্ডের সামনে পেশ করিতে হইবে।

লিখিত পরীক্ষা ২১-১০-৮১ তারিখ সকাল ৯ ঘটিকার সময় সকল মেডিক্যাল কলেজ হাসপাতাল ও আধুনিকীকরণ জেলাহাসপাতাল সংলগ্ন নার্সিং প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হইবে। লিখিত পরীক্ষার উপরে ভিত্তি করিয়া সাক্ষাৎ পরীক্ষা স্থানীয় কর্তৃপক্ষ ২৪-১০-৮১-এর মধ্যে সময় ও তারিখ নির্ধারণ করিয়া স্থানীয় প্রশিক্ষণ কেন্দ্রে নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি দিবেন। নির্বাচিত ছাত্রীগণ ২-১১-৮১ সালে ভর্তি হইবে।

পরিচালক
সেবা পরিদপ্তর,
বাংলাদেশ ঢাকা।

তথম---৬৩৪৭(১৮-৯)
সি—৩৫৯৮